

## আগাম ভোট দেওয়ার উপায়

আপনি ২<sup>রা</sup> আগস্টের প্রাথমিক নির্বাচনের আগে অনুপস্থিতের ব্যালটের মাধ্যমে আগাম ভোট দিতে পারবেন এবং এর জন্য আপনার হাতে কয়েকটি উপায় আছে:

- নির্বাচনের ৪০ দিন আগে, ২৩<sup>শ</sup> জুন থেকে, আপনি আপনার ক্লার্কের অফিসে গিয়ে আগাম ভোট দিতে পারেন। কেবল স্বশরীরে উপস্থিত হয়ে অনুপস্থিতের ব্যালটের জন্য আবেদন জমা দিন এবং আপনি সেখানে থাকা অবস্থায় ভোট দিন।
- দ্বিতীয় উপায় হলো আপনি প্রাথমিক নির্বাচনের জন্য অনুপস্থিতের ব্যালটের অনুরোধ করার মাধ্যমে বাড়িতে থেকে ভোট দিতে পারেন।
  - অনুপস্থিতের ব্যালটের আবেদন **Michigan.gov/Vote**-এ উপলভ্য রয়েছে, যা মাত্র কয়েক মিনিটের মধ্যে সম্পন্ন করা যাবে, এবং আপনার ক্লার্কের কাছে বৈদ্যুতিকভাবে প্রেরণ করা যাবে।
  - এছাড়াও আপনি এটি প্রিন্ট করে, পূরণ করে এবং স্বাক্ষর দিয়ে, আপনার ক্লার্কের কাছে মেইলে পাঠাতে পারেন বা ইমেইল করতে পারেন।
  - আপনার ব্যালট আপনার কাছে পাঠানো হবে, এবং আপনি এতে ভোট দিয়ে মেইলে ফেরত পাঠাতে পারেন, অথবা আপনার ক্লার্কের অফিসে নিয়ে যেতে পারেন অথবা ব্যালট ড্রপ বক্সে ফেলতে পারেন। আপনি আপনার ক্লার্কের অফিস এবং ড্রপ বক্সের ঠিকানা **Michigan.gov/Vote**-এ পেয়ে যাবেন।
  - আপনি এটি মেইল করার সিদ্ধান্ত নিলে, ডাক বিলম্বের আশংকায় আমরা আপনাকে **১৮ জুলাই** এর মধ্যে মেইল করার পরামর্শ দিচ্ছি।

উভয় অপশনই আপনাকে ২<sup>রা</sup> আগস্টের আগে ঠিকমতো ভোট দিতে দেয় এবং আপনাকে এটি করার জন্য উৎসাহিত করা হচ্ছে যাতে আপনি অতিরিক্ত সময় হাতে রেখে ব্যালটটি গ্রহণ করেন।